চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন

চুয়াডাঙ্গায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় সাথে পালিত হয়েছে।

আজ রবিবার সকাল থেকে দিবসটি উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পন আনন্দ র্যালি আলোচনা সভা কেক কাটা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

বাঙালির অবিসাংবাদিত নেতা, স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালে ১৭ মার্চ বাঙ্গালি জাতির মুক্তির অগ্রদূত গোপালগঞ্জ টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন। তারই ধারাবাহিকতা সারা দেশের ন্যায় চুয়াডাঙ্গা পালিত হয়েছে দিনটি।

দিবসটি উপলক্ষে সকাল থেকে বিভিন্ন রাজনৈতিক সামাজিক ও সেচ্ছাসেবী সংগঠন সকাল সাড়ে আটটা থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর প্রকৃতিতে পুষ্পমাল্য অর্পণ শুরু করেন।

শুরুতে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও চুয়াডাঙ্গা পুলিশ প্রশাসনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়। তারপর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান সামাজিক সংগঠন রাজনৈতিক সংগঠন ও পেশাজীবি সংগঠনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদনের পর চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও পুলিশের সকল পদমর্যাদার অফিসার, ফোর্স সহ বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের অংশগ্রহণে “বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে, আনিব হাসি সবার ঘরে” প্রতিপাদ্য সামনে রেখে জেলা প্রশাসকের কার্যালয় থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

এসময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান

পিপিএম সেবা, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক ও উপ-পরিচালক স্থানীয় সরকার শারমিন আক্তার, চুয়াডাঙ্গা সরকারি কলেজ অধ্যক্ষ প্রফেসর ড.এ কে এম সাইফুর রশিদ, জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা সদর উপজেলার চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(ক্রাইম এন্ড অপস্) মোঃ নাজিম উদ্দিন আল আজাদ, পিপিএম-সেবা, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান সহ বিভিন্ন প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষার্থী।

র্যালি পরবর্তী আলোচনা সভা চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে অবস্থিত ডিসি সাহিত্য মঞ্চে অনুষ্ঠিত হয়।

এ সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকারের উপ-পরিচালক শারমিন সুলতানার সভাপতিত্বে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু। চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) নাজিম উদ্দীন আল আজাদ, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক। আলোচনা সভা শেষ চুয়াডাঙ্গা জেলা শিল্প কলার আয়োজনে সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সাংস্কৃতিক প্রতিযোগিতা শেষে বিভিন্ন প্রতিযোগিতা বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ, জাতির সূর্য্য সন্তান বীর মুক্তিযোদ্ধাগণ,বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা স্কুলের শিক্ষক ও কোমলমতি ছাত্রছাত্রীরা, রাজনৈতিক ও সামাজিক ব্যক্তিবর্গ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় ওয়েভ ফাউন্ডেশনের

উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

ওয়েভ ফাউন্ডেশন ও পিকেএসফের উদ্যোগে আজ রবিবার বেলা ২টায় মনোহরপুর ইউনিয়নের ধোপাখালী প্রবীন কেন্দে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতেই মাদবখালী বকুল শিক্ষা সহায়তা কেন্দ্রে শিক্ষাথীরা দ্বিতীয় শ্রেনীর ছাত্রী মালিহা খাতুন কোরআন থেকে তেলাওয়াত করে। আলোচনা সভায় সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা্ আশরাফ আলী।

প্রধান অতিথি হিসাবে উপস্থি ছিলেন, মনোহরপুর ইউনিয়নের চেয়ারম্যান সোহরাব হোসেন, তিনি বলেন, ১৯২০ সালে বঙ্গবন্ধু জন্ম হয় গোপালগঞ্জ জেলার টঙ্গিপাড়া গ্রামে। শিশুকাল থেকে মুজিব ছিলেন নেত্রীত্ব দেওয়ার প্রবনতা। ১৯৪৭ সাল থেকে ১৯৭১ সাল বঙ্গবন্ধু তার জীবনে বিভিন্ন আন্দোলন সংগ্রাম করে কেটেছে। ৬ দফা ১১ দফাসহ ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ সংগ্রাম করে একটি স্বাধীন বাংলাদেশ উপহার দিয়েছে। তার কন্যা জননেত্রী শেখ হাসিনা মেগা প্রকল্প, পদ্মা সেতু, পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, কর্ণফুলি টানেল, মেট্রো রেলসহ রাস্তাঘাটের ব্যাপক উন্নয়ন করেছে। তার এ উন্নয়নে আমরা বিশ্বে কাছে পরিচিতি লাভ করেছি।

এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্রের আর এমও মোস্তাফিজুর রহমান, ইউপি সদস্য আদিলুর রহমান, ওয়েভ ফাউন্ডেশনের প্রশিক্ষণ বিভাগের পরিচালক জাহির রায়হান ও সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী আব্দুস শুকুর এবং মনোহরপুর ইউনিয়নের বালাই নাশক কমিটির সভাপতি রাজেদুল ইসলাম ও মনোহরপুর ইউনিয়ন কমিটির প্রবীন কমিটি সাধারণ সম্পাদক মহিউদ্দিন।

এরপর ফ্রি চিকিৎসা ক্যাম্প পরিচালনা করেন, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্রের আর এমও মোস্তাফিজুর রহমান। তিনি এক নাগাড়ে ৭৫জন রো্গীকে চিকিৎসা প্রদান করেন এবং সহযোগী হিসাবে ছিলেন, সহকারী মেডিকেল অফিসার সোহেল রানা। সমগ্র অনুষ্ঠান

পরিচালনা করেন, সমৃদ্ধি কর্মসূচির মনোহরপুর ইউনিয়ন সমন্বয়কারী আওয়াল হোসেন ও এসডিও আসাদুজ্জামান লিটন

দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে সাজাপ্রাপ্ত আসামী গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে সাজাপ্রাপ্ত আসামীকে গ্রেফতার করা হয়েছে। আজ রবিবার বিকাল ৫টার দিকে উপজেলার হাউলী ইউনিয়নের নতুন বাস্তপুর গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত হলো দামুড়হুদা উপজেলা নতুন বাস্তপুর গ্রামের মৃত ওয়াজ মন্ডলের ছেলে মোঃ আলী কদর।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) শেখ মাহবুবুর রহমান এর নেতৃত্বে দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে ৩ মাসের সাজাপ্রাপ্ত একজন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

আজ রবিবার বিকাল ৫ টার দিকে এসআই ইউসুফ আলী সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা থানাধীন নতুন বাস্তপুর গ্রামে অভিযান চালায়। অভিযানে ওয়ারেন্টভুক্ত আসামি নতুন বাস্তপুর গ্রামের মোঃ আলী কদর কে গ্রেফতার করে।

দামুড়হুদা মডেল থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) শেখ মাহবুবুর রহমান জানান, ৩ মাসের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত সাজা পরোয়ানাভুক্ত পলাতক আসামি আলী কদরকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে বিজ্ঞ আদালতে মামলা রয়েছে, তা বিচার প্রক্রিয়াধীন। আজ আসামিকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হবে।

দামুড়হুদায় বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

“বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে, আনব হাসি সবার ঘরে” প্রতিপাদ্য নিয়ে দামুড়হুদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকাল ৯টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, র্যালি শেষে উপজেলা সম্মেলন কক্ষে আলোচনা সভা সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

এর আগে উপজেলা চত্বরে বঙ্গবন্ধু মুরালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু ও উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। এরপরে একে একে মুক্তিযোদ্ধা সংসদ, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, দামুড়হুদা প্রেসক্লাব, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ, সদর ইউনিয়ন আওয়ামীলীগ, যুবলীগ ছাত্র লীগ সহ রাজনৈতিক সংগঠন সাংস্কৃতিক সংগঠন ও বিভিন্ন স্কুল কলেজের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দিন, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা ডাঃ হেলেনা আক্তার নিপা, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত মাহবুবুর রহমান, দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, আব্দুল ওদুদ শাহ্

ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী প্রমূখ।

অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবার সহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ঈমান হাফেজ মাঃ মোঃ মামুনুর রশীদ।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

“বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে, আনব হাসি সবার ঘরে ” প্রতিপাদ্য নিয়ে সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে।

আজ রবিবার সকাল ৯টার সময় দিবস টি উপলক্ষে হাউলী ইউনিয়ন পরিষদের আয়জনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দীন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন সচিব নাঈম হোসেন, ৫নং ইউপি সদস্য ও প্যানেল চেয়ারম্যান ২ মোঃ শহিদুল ইসলাম, ইউপি সদস্য শাহজামাল, আঃ হান্নান পটু, রিকাত আলী সহ ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাবৃন্দ সকল ইউপি ও সংরক্ষিত মহিলা সদস্য বৃন্দ, সকল গ্রাম পুলিশ সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে আলোচনা করা হয়।

আলোচনা শেষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

দর্শনায় পৃথক ভাবে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী পালিত

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় পৃথক পৃথক ভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে দর্শনা পৌর আওয়ামীলীগের উদ্দগ্যে নানা কর্মসূচি পালিত হয়েছে।

এ উপলক্ষ্যে আজ রবিবার (১৭ মার্চ) সকাল ৯ টায় দর্শনা পৌর আওয়ামীলীগের দলীয় কার্যলয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন, চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর, দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামীলীগের যুগ্ন সম্পাদক ও নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, আওয়ামীলীগ নেতা, বিল্লাল হোসেন, সোলায়মান কবির, জয়নাল আবেদীন নফর, দাউদ হোসেন, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দর্শনা কলেজ ছাত্রলীগনেতা পারভেজ, লোমান, মিল্লাত, অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কলেজ ছাত্রলীগের সাধারন সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু।

শ্রদ্ধাঞ্জলি শেষে চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য বলেন, বঙ্গবন্ধু মানুষের হৃদয়ে চলার পথের বাতিঘর হয়ে থাকবেন । তাঁর আদর্শ ও দর্শন আমরা যতদিন অনুসরণ করে চলবো ততদিন এ জাতি পিছু পা হবে না। বঙ্গবন্ধু না হলে আমরা স্বাধীনতা পেতাম না। স্বাধীননতার সুফল প্রত্যেক ঘরে ঘরে পৌঁছে দেওয়া আমাদের অঙ্গীকার হোক।

অপরদিকে দর্শনা ঐতিহ্যবাহী কেরু এ্যান্ড কোম্পানীর নানা আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে।

আজ রবিবার সকাল ৯ টায় দর্শনা কেরুজ ক্লাব মাঠে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন দর্শনা কেরুজ চিনিকলের ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন, জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া, ফাইন্যাস অর্থ আব্দুস ছাত্তার, মিল

কারখানার মহা ব্যাবস্থাপক সুমন কুমার সাহা, দর্শনা চিনিকলের মহা ব্যাবস্থাপক প্রশাসন এডি এম ইউসুফ আলী, কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদসহ শ্রমিক কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় এতিম ও সুবিধা বঞ্চিত শিশুদের সাথে কুশল বিনিময় ও ইফতার

চুয়াডাঙ্গায় এতিম ও সুবিধা বঞ্চিত শিশুদের সাথে কুশল বিনিময় ও ইফতার করেছেন পুনাক সভানেত্রী সহ সদস্যবৃন্দ। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) চুয়াডাঙ্গার আয়োজনে এতিম ও সুবিধা বঞ্চিত শিশুদের সাথে সরকারি শিশু পরিবারে কুশল বিনিময় ও ইফতার করেন পুনাক সভানেত্রী ও মিসেস পুলিশ সুপার জান্নাতুল ফেরদৌস সহ পুনাকের অন্যান্য সদস্যগণ।

এ সময় পুনাক সভানেত্রী বলেন, ছোট্ট সোনামণিদের সঙ্গে ইফতার করতে পারার অনুভূতিটা অন্যরকম। তাদের মুখের মায়ায় আমাদের মন ভরে গেছে। তাদের পাশে থাকাটা আমাদের দায়িত্ব।

উক্ত আয়োজনে আরও উপস্থিত ছিলেন পুনাক সাধারণ সম্পাদক মিসেস জোবায়দা আক্তার, কোষাধ্যক্ষ মিসেস সাবিনা ইয়াসমিন, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, পুলিশ হাসপাতালের মেডিকেল অফিসার হুমায়রা আক্তার সহ পুনাকের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা জেলা কারাগারে সাজাপ্রাপ্ত কয়েদির মৃত্যু

চুয়াডাঙ্গায় জেলা কারাগারে সাজাপ্রাপ্ত আসামী দিলীপ কুমার বিশ্বাস (৪৭) নামের এক কয়েদির মৃত্যু হয়েছে। ২৪ দিনের ব্যবধানে চুয়াডাঙ্গা জেলা কারাগারে আটক থাকা দু জনের মৃত্যু হলো।

আজ শনিবার (১৬ মার্চ) বেলা সাড়ে বারোটার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। দিলীপ কুমার বিশ্বাস ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন আশুরহাটি গ্রামের শ্রী দেবেন্দ্রনাথ বিশ্বাসের ছেলে। চুয়াডাঙ্গা জেলা কারাগারের ভারপ্রাপ্ত জেলার মো. ফখর উদ্দিন এ তথ্য নিশ্চিত করেছেন

অপরদিকে, গত ২১ ফেব্রেয়ারী মাঝ রাতে জেলা কারাগারে আটক থাকা চুরি মামলার হাজতি মিঠু মিয়াকে (৩০) হাসপাতালে নেওয়ার কিছুক্ষণের মধ্যে মারা যায়।

চুয়াডাঙ্গা জেলা কারাগার সুত্রে জানা যায়, দিলীপ কুমার ঝিনাইদহের একটি চেক প্রতারণা মামলার এক বছরের সাজাপ্রাপ্ত আসামী ছিলেন। চুয়াডাঙ্গায় আরও একটি মামলা থাকায় গত ৯ মার্চ ঝিনাইদহ জেলা কারাগার থেকে চুয়াডাঙ্গা জেলা কারাগারে হস্তান্তর করা হয়। শুক্রবার কারাগারে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন দিলীপ কুমার বিশ্বাস। তাৎক্ষনিক তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসলে প্রাথমিক চিকিৎসা শেষে দিলীপ কুমারকে পুরুষ মেডিসিন ওয়ার্ডে ভর্তি করেন চিকিৎসক। আজ শনিবার বেলা সাড়ে ১২টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যায়।

ভারপ্রাপ্ত জেলার মো. ফখর উদ্দিন বলেন, চিকিৎসকের মতে দিলীপ কুমার বিশ্বাস স্ট্রোকে আক্রান্ত হয়ে মারা গেছেন। মৃত্যুর সঠিক কারণ নির্ণয় করতে সুরতহাল প্রতিবেদন প্রস্তুত শেষে ময়নাতদন্ত সম্পন্ন করা হবে।

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ নির্বাচনকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দারের নির্বাচন প্রস্তুতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল চারটার সময় চুয়াডাঙ্গা জেলা যুবলীগের কার্যালয়ে এই নির্বাচন প্রস্তুতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। আগামী মে মাসের শুরু থেকে কয়েক ধাপে দেশব্যাপী উপজেলা নির্বাচনের ভোট গ্রহনের ঘোষণা দিয়েছে নির্বাচন কমিশন। এ ঘোষণার পর চুয়াডাঙ্গায় সদর উপজেলা যুবলীগের সকল নেতাকর্মীদের নিয়ে এই নির্বাচন প্রস্তুতি ও মতবিনিময় সভা করেন তিনি।

মনোয়নপত্র দাখিলের দিন তারিখ ঠিক করার আগেই আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনকে সামনে রেখে এই নির্বাচন প্রস্তুতি ও মতবিনিময় সভা করেন নঈম হাসান জোয়ার্দ্দার।

এই নির্বাচন প্রস্তুতি ও মতবিনিময় সভায় চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য হাফিজুর রহমান হাপুর প্রাণবন্ত সঞ্চালনায় ও চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য সাজেদুল ইসলাম লাভলুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার।

এ সময় তিনি বলেন আগামী চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ নির্বাচন হবে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ। তাই নির্বাচন সামনে রেখে সবাইকে ঐক্যবদ্ধ্য হয়ে কাজ করতে হবে। প্রতিটি কেন্দ্রে একটি করে কেন্দ্র কমিটি গঠন করতে হবে। নির্বাচন আচরণ বিধি লঙ্ঘন হয় এমন কোন কাজ করা যাবে না। আগামী উপজেলা পরিষদ নির্বাচন খুবই গুরুত্বপূর্ণ নির্বাচন। এই নির্বাচনের মাধ্যমে চুয়াডাঙ্গা সদর উপজেলা বাসীর ভাগ্য যেমন নির্ধারণ হবে তেমনি সকলে একসাথে কাজ করে বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী ও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা হাতকে আরও শক্তিশালী করতে হবে।

রেজা, সাধারণ সম্পাদক নেয়ামত মল্লিক, গড়াই টুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি রাশেদুজ্জামান পলাশ, সাধারণ সম্পাদক ফারুক হোসেন চাঁদ মেম্বার,

নেহালপুর ইউনিয়ন যুবলীগ নেতা রহিদুল ইসলাম, এনামুল, টোটো, বেগমপুর ইউনিয়ন যুবলীগ নেতা ওয়ালিউল ইসলাম প্রকাশ, মিলন, টুটুল, রেজা, তুহিন, সহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ।

আলমডাঙ্গার বিভিন্ন গ্রামে দু’দিনে তিনজন আত্ম*হ*ত্যা

আলমডাঙ্গায় গত দুইদিনে তিনটি আত্মহত্যার ঘটনা ঘটেছে। গতকাল শুক্রবার আলমডাঙ্গার মধুপুর গ্রামে গলায় ফাঁস দিয়ে এক যুবতী ও বৃজস্পতিবার পাঁচকমলাপুরের সিহাব ও একইদিন জগন্নাথপুর গ্রামের সাবিহা খাতুন (৭৮) আত্মহত্যা করেন।

স্থানীয় সূত্রে জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার জামজামি ইউনিয়নের মধুপুর গ্রামের দিনমজুর আলমঙ্গীর হোসেনের মেয়ে আখিঁ খাতুন (১৯)। গত তিন মাস আগে পার্শবর্তী ইবি থানাধীন রাধানগর গ্রামের ইমরান হোসেনের সাথে পারিবারিক ভাবে দেখাশুনা করে বিয়ে হয়। বিয়ের আগেই ওই যুবতীর জরায়ু রোগে আক্রান্ত ছিল। এনিয়ে স্বামীর ও তার পরিবারের সাথে মনোমালিন্য চলছিল। সে বর্তমানে মধুপুর গ্রামে তার পিতা আলমঙ্গীর হোসেনের বাড়িতে থাকতো। গতকাল শুক্রবার আখিঁ রোজায় থাকার কারণে ঘরের দরজা বন্ধ করে ঘুমাতে যায়। এসময় পরিবারের লোকজনের অনুপস্থিতিতে ঘরের আড়াই ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে। পরিবারের লোকজন দরজা ভেঙে তার ঝুলন্ত মরদেহ উদ্ধার করেন।

এ-দিকে সিহাব আলী (১৮) নামের এক কলেজপড়ুয়া ছাত্রের ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। গত বৃহস্পতিবার রাত দেড়টার দিকে পাঁচকমলাপুর গ্রামে তার নিজ ঘর থেকে ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পরিবারের লোকজন।

পরিবার জানায়, বাড়ির কবুতর বিক্রি নিয়ে নিহত সিহাব আলীর সাথে তার মায়ের ঝগড়া হয়। রাতে খাবার খেয়ে ঘরে ঘুমাতে যায়। মাঝ রাতে তার পরিবারের লোকজন খোঁজখবর নিতে গেলে সিহাবের ঝুলন্ত মরদেহ উদ্ধার করে। তারা চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এছাড়া আলমডাঙ্গা উপজেলা জগন্নাথপুর গ্রামে সাবিয়া খাতুন (৭৮) নামের এক বৃদ্ধার ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। গত বৃহস্পতিবার দুপুরে স্থানীয়দের সংবাদের ভিত্তিতে থানাপুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে ওই বৃদ্ধার লাশ উদ্ধার করে।

স্থানীয়রা জানায়, বৃদ্ধা সাবিয়া খাতুন বয়সের কারণে বিভিন্ন রোগে আক্রান্ত ছিল। তার পরিবারের লোকজনও তেমন তাকে দেখাশোনা করত না। গত বৃহস্পতিবার দুপুরে নিজ শোবার ঘরে শাড়ি পেঁচিয়ে তিনি আত্নহত্যা করে।

এবিষয়ে আলমডাঙ্গা থানার ওসি শেখ গণি মিয়া জানান, দুদিনে তিনজন আত্নহত্যা করেছে। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাদের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করেছেন । এছাড়া তাদের পরিবারের পক্ষ থেকে পৃথক অপমৃত্যু মামলা করেছে।